

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬০৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৩৭২] ৪৪। ফাযীলাত (کتاب الفضائل) পরিচ্ছেদঃ ৪২. মূসা (আঃ) এর ফ্যীলত

# باب مِنْ فَضَائِلِ مُوسَى صلى الله عليه وسلم

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، حَدَّثَنَا مَعْمَرٌ، عَنْ هَمَّامِ بْنِ مُنَبِهِ، قَالَ هَذَا مَا حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم. فَذَكَرَ أَحَادِيثَ مِنْهَا وَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " جَاءَ مَلَكُ الْمَوْتِ إِلَى مُوسَى عَلَيْهِ السَّلَامُ فَقَالَ لَهُ أَجِبْ رَبَّكَ \_ قَالَ \_ فَلَطَمَ مُوسَى عَلَيْهِ السَّلَامُ عَيْنَ مَلَكِ الْمَوْتِ فَفَقَاً هَا \_ قَالَ \_ فَرَجَعَ الْمَلَكُ إِلَى اللَّهِ تَعَالَى فَقَالَ إِنَّكَ أَرْسَلْتَنِي إِلَى عَبْدِي فَقُل الْمَوْتَ وَقَدْ فَقَا عَيْنِي \_ الْمَلَكُ إِلَى اللَّهِ تَعَالَى فَقَالَ إِنَّكَ أَرْسَلْتَنِي إِلَى عَبْدِي فَقُل الْحَيَاةَ تُرِيدُ الْمَوْتَ وَقَدْ فَقَا عَيْنِي \_ قَالَ ارْجِعْ إِلَى عَبْدِي فَقُل الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْمَوْ فَقَالَ وَقَالَ ارْجِعْ إِلَى عَبْدِي فَقُل الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْمَوْتَ وَقَدْ فَقَا عَيْنِي \_ فَقَالَ الْحَيَاةَ قُلُل الْمَوْتَ وَقَدْ فَلَا الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْمَوْتَ وَقَدْ فَقَالَ الْحَيَاةَ وَقَالَ الرَّجِعْ إِلَى عَبْدِي فَقُل الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْمَوْتَ وَقَالَ الرَّجِعْ إِلَى عَبْدِي فَقُل الْحَيَاةَ تُربِيدُ فَإِنْ كُنْتَ تُربِيدُ الْحَيَاةَ مُنْ مَنْ وَرِ فَمَا تَوَارَتْ يَدُكَ مِنْ شَعْرَةٍ فَإِنَّكَ تَعِيشُ بِهَا سَنَةً قَالَ ثُمَّ مَهُ قَالَ وَسُل الله عليه وسلم " وَاللَّهِ لَوْ أَنِي عِنْدَهُ لأَرَيْتُكُمْ قَبْرَهُ إِلَى جَانِبِ الطَّرِيقِ عِنْدَ الْكَثِيبِ الْأَحْمَرِ " .

#### বাংলা

৬০৪৩-(১৫৮/...) মুহাম্মাদ ইবনু রাফি' (রহঃ) ..... আবৃ হুরাইরাহ্ (রাযিঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একদা মালাকুল মাওত মূসা (আঃ) এর নিকট এসে বলল, মূসা তোমার প্রতিপালকের নিকট চলো। বর্ণনাকারী বলেন, তখন তার চোখের উপর মূসা (আঃ) তাকে একটা চপেটাঘাত করলেন, এতে তার চোখ নষ্ট হয়ে গেল। তারপর ফেরেশতা আল্লাহর নিকট ফিরে গিয়ে বললেন, আপনি আমাকে আপনার এমন এক বান্দার নিকট পাঠিয়েছেন যে মরতে চায় না এবং সে আমার চোখ নষ্ট করে দিয়েছে। আল্লাহ তার চোখ ঠিক করে দিলেন এবং বললেন, আমার বান্দার নিকট আবার যাও এবং বলো, তুমি কি আরও দীর্ঘায়ু চাও? যদি তা চাও তবে তোমার হাত একটি বলদের পৃষ্ঠের উপর রাখো। এতে তোমার হাতের নিচে যতগুলো পশম পড়বে, তত বছর তুমি জীবিত থাকবে। মূসা বললেন, তারপর কি? আল্লাহ বললেন, তারপর মৃত্যুবরণ



করবে। মূসা (আঃ) বললেন, তবে এখনই ভাল। হে আল্লাহ আমাকে পবিত্র ভূমির একটি পাথরের টিলের দূরত্বে নিয়ে মৃত্যু দান করুন। রসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন আল্লাহর কসম! যদি আমি সেখানে থাকতাম পাথরের কিনারে লাল বালুকা স্তপের পাশে তার কবর তোমাদের দেখিয়ে দিতাম। (ইসলামিক ফাউন্ডেশন ৫৯৩৬, ইসলামিক সেন্টার ৫৯৭৪)

### **English**

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) having said that the Angel of Death came to Moses and said:

Respond (to the call) of Allah (i. e. be prepared for death). Moses (peace be upon him) gave a blow at the eye of the Angel of Death and knocked it out. The Angel went back to Allah (the Exalted) and said: You sent me to your servant who does not like to die and he knocked out my eye. Allah restored his eye to its proper place (and revived his eyesight) and said: Go to My servant and say: Do you want life? And in case you want life, keep your hand on the body of the ox and you would live such number of years as the (number of) hair your hand covers. He (Moses) said: What, then? He said: Then you would die, whereupon he (Moses) said: Then why not now? (He then prayed): Allah, cause me to die close to the sacred land. Allah's Messenger () said: Had I been near that place I would have shown his grave by the side of the path at the red mound.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন